



ডাকসুতে শিবিরকে অভিনন্দন জানানো পোস্ট সরাল জামায়াত পাকিস্তান



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ও হল সংসদ নির্বাচনে শিবির সমর্থিত প্যানেলের বিজয়ে অভিনন্দন জানিয়েছিল জামায়াতে ইসলামী পাকিস্তান। তবে সমালোচনার পর তাদের ফেসবুক পেজ থেকে পোস্টটি সরিয়ে ফেলা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে ইসলামী ছাত্রশিবির সমর্থিত ঐক্যবদ্ধ প্যানেল বিজয়ী হলে জামায়াতে ইসলামী পাকিস্তান ফেসবুক পেজে একটি শুভেচ্ছা বার্তা প্রকাশ করে। বুধবার (১০ সেপ্টেম্বর) প্রকাশিত ওই পোস্টে শিবিরের জয়কে ‘বাংলাদেশের ইতিহাসে নতুন অধ্যায়’ হিসেবে উল্লেখ করা হয়।

তবে কিছুক্ষণ পর দলটি তাদের অফিসিয়াল ফেসবুক পেজ থেকে পোস্টটি সরিয়ে ফেলে। রাত পৌনে ৯টার দিকে পোস্টটি আর পাওয়া যায়নি।

পোস্টে দাবি করা হয়েছিল, প্রতিদ্বন্দ্বী প্যানেলগুলো ভারতপন্থি শক্তির সমর্থন পেলেও শেষ পর্যন্ত বিজয় যায় শিবিরের পক্ষেই। একই সঙ্গে এ বিজয় ছাত্র-তরুণদের অধিকার আদায়ের সংগ্রামকে ত্বরান্বিত করবে এবং দেশকে ভারতীয় প্রভাব থেকে মুক্তি দেবে বলেও উল্লেখ করা হয়।

এ ছাড়াও জামায়াতে ইসলামী পাকিস্তান অন্তর্বর্তী সরকারের ভূমিকাকেও প্রশংসা করে। তাদের মতে, প্রতিকূলতা সত্ত্বেও শান্তিপূর্ণ ও স্বচ্ছ পরিবেশে নির্বাচন আয়োজন প্রশংসনীয় উদ্যোগ।